

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২১

ধর্মনগর, ২ মে, ২০২৪

৮মে ধর্মনগরে রাজ্যভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী

শিক্ষা দপ্তরের উদ্যোগে এবছর রাজ্যভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী আগামী ৮মে ধর্মনগরের বিবেকানন্দ সার্থ শতবার্ষিকী ভবনে উদযাপন করা হবে। এই অনুষ্ঠানকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে গতকাল এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। উক্তর ত্রিপুরা জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়ে অনুষ্ঠিত এই প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন জেলা শিক্ষা আধিকারিক সুখময় নাথ, শিক্ষা দপ্তরের অধিকর্তা কার্যালয়ের ওএসডি মহম্মদ সেলিম, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা, শচীন দেববর্মন স্মৃতি সরকারি মিউজিক কলেজের অধ্যক্ষা ড. মনিকা দাস, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক, প্রধান শিক্ষিকা প্রমুখ। এই অনুষ্ঠান সর্বাঙ্গীণ সুন্দর করে তোলার লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অনুষ্ঠানে আলোচনাচক্র, সমবেত রবীন্দ্র নৃত্য, সংগীত, আবৃত্তি, নৃত্যনাট্য, নাটক ইত্যাদি বিভিন্ন অনুষ্ঠানসূচি রাখা হয়েছে।
